

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি-১ শাখা
www.tmed.gov.bd



নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৫.২০২০-৪২

তারিখঃ ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের প্রভাষক (সিভিল) জনাব নিলন আলী গত ০৩.০২.২০১৯ তারিখ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজে যোগদান করেন এবং ০৬.০৮.২০১৯ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন (০৭ মাস ০২ দিন কর্মরত ছিলেন যা তার শিক্ষানবিসকালের মধ্যে পড়ে)। পরবর্তীতে ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ হতে তাকে একাধিকবার কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও তিনি তার কোন জবাব দাখিল করেননি বা কোন যোগাযোগও করেননি।

০২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৫.২০২০-৩৪২ সংখ্যক পত্রে জনাব নিলন আলী এর স্থায়ী ঠিকানায় এবং বর্তমান ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে অস্থায়ী ঠিকানা সংবলিত খামটি ‘নিলন আলী নামে কোন প্রভাষক নেই, নিলন নামে একজন ছিলো; কিন্তু দীর্ঘ প্রায় এক বছর যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকায় ফেরত’ মর্মে এ বিভাগে ফেরত আসে। কিন্তু স্থায়ী ঠিকানা সংবলিত খামটি অদ্যাবধি ফেরত আসেনি। এছাড়া অভিযুক্ত শিক্ষক অদ্যাবধি এ বিষয়ে কোন জবাব দাখিল বা কোন যোগাযোগও করেননি।

০৩। এমতাবস্থায়, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজের প্রভাষক (সিভিল) জনাব নিলন আলী এর নিয়োগ পত্রের শর্ত (খ) এবং ইঞ্জিনিয়ারিং কলেজের নিয়োগ বিধিমালা-২০১৫ এর বিধি ৬ এর উপবিধি ২(ক) অনুযায়ী শিক্ষানবিসকাল সমাপ্তির পূর্বেই (০৭ মাস ০২ দিন কর্মরত ছিলেন) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযুক্ত বিধায় বিগত ০৬.০৮.২০১৯ খ্রি. তারিখ হতে জনাব নিলন আলী এর চাকরির ‘অবসান’ ঘটানো হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(রহিমা আক্তার)

উপসচিব

ফোনঃ ৯৫৮৪৬৬৬

sastec1@tmed.gov.bd

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৪.২০২০-৪২/(৮)

তারিখঃ ১৪ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

(১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

(২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

(জনাব নিলন আলী এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।

(৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

(৬) অধ্যক্ষ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর।

(৭) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(৮) জনাব


(রহিমা আক্তার)
উপসচিব